যুগান্তর

তারিখ 18 NOV. 2006
পৃষ্ঠা 2 কলাম ৪
২০

# শেকৃবি খুলে দেয়ার দাবি শিক্ষার্থীদের

## উপাচার্য শান্তির নিশ্চয়তা চান

শেকৃবি প্রতিনিধি

অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষিত শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অবিলম্বে খুলে দেয়ার দাবি জানিয়েছে ক্যাম্পাসের ছাত্র সংগঠনগুলো। গত সপ্তাহে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রদল-শিবিরের সঙ্গে ছাত্রলীগের কয়েক দফা ধাওয়া-পাল্টাধাওয়া, সংঘর্ষের পর তড়িঘড়ি সিন্ডিকেট ডেকে সোমবার থেকে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় ও হলগুলো বন্ধ রাখার সিদ্ধান্ত নেয় কর্তৃপক্ষ। কিছু ছাত্রছাত্রী বাড়ি ফিরে গেলেও অনেকেই টিউশনি, বিসিএস ভাইভা ও চাকরির পরীক্ষার জন্য ঢাকায় নিজস্ব ব্যবস্থায় অবস্থান করছে। এসব শিক্ষার্থী প্রতিদিন ক্যাম্পাসে এসে খোঁজ নিচ্ছে আবার কবে খুলবে বিশ্ববিদ্যালয়। অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবিতে অনেকেই ধরনা দিচ্ছে উপাচার্য রেজিস্ট্রার ও ছাত্র সংগঠনগুলোর কাছে। সোমবার বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার সময় ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ কোন প্রতিবাদ না করলেও গত ক'দিনে নিজেদের ভুল বুঝতে পেরেছে। সাধারণ শিক্ষার্থীসহ নিজেদের চরম ভোগান্তির কারণে ছাত্রলীগ, শিবির ও ছাত্রদল নেতৃবৃন্দ পৃথক পৃথকভাবে উপাচার্যের সঙ্গে দেখা করে এ অবস্থার পরিসমাপ্তি চেয়েছে। মাস্টার্স পর্যায়ে গবেষণা প্লটগুলোতে রিসার্চের কাজ করছে এমন শিক্ষার্থীরা চায় বিশ্ববিদ্যালয় অবিলম্বে খুলে দেয়া হোক।

তবে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ব্যাপারে উপাচার্য প্রফেসর ড. এএম ফারুক সাংবাদিকদের জানিয়েছেন, তিনি চান বিশ্ববিদ্যালয় খুলে দিতে, তবে খোলার পর ছাত্রলীগ বনাম ছাত্রদল-শিবির আবারও সংঘর্ষে জড়াবে না এ ধরনের কমিটমেন্ট চান। তারা কমিটেড হলেই এ সপ্তাহে খোলার ব্যাপারে সিদ্ধান্ত হতে পারে বলে তিনি জানান।